



শ্রেণিঃ ষষ্ঠ

## মানুষ জাতি

সত্যেন্দ্রনাথ দত্ত

## জ্ঞানমূলক প্রশ্ন:

- ১) 'ডাঙা' শব্দের অর্থ কী?
- ২) 'মানুষ জাতি' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?
- ৩) সবাই সমান ভাবে কী বুঝি?
- ৪) আমাদের সকলের সাথে কে?
- ৫) কী ধুলায় লুটায়?
- ৬) 'মানুষ জাতি' কবিতার মূল নাম কী?
- ৭) সত্যেন্দ্রনাথ দত্ত কী হিসাবে খ্যাত?
- ৮) তফাত শব্দের অর্থ কী?
- ৯) 'ব্রহ্ম' শব্দের অর্থ কী?
- ১০) কবি সত্যেন্দ্রনাথ দত্ত কোন গ্রামে কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
- ১১) 'জনম-বেদি' শব্দের অর্থ কী?
- ১২) 'যুঝি' অর্থ কী?
- ১৩) কবি সত্যেন্দ্রনাথ দত্ত কত বছর বেঁচেছিলেন?
- ১৪) 'মানুষ জাতি' কবিতার পাঠের উদ্দেশ্য কী?
- ১৫) কী খোঁজার মাধ্যমে আমরা বাসর বাঁধি?
- ১৬) আমাদের বুনিয়াদ কার সাথে বাধা?
- ১৭) 'ছোপ' অর্থ কী?
- ১৮) আমাদের সবার ভেতরের রং কী?
- ১৯) কৃত্রিম ভেদ কোথায় লোটে?
- ২০) নিখিল জগৎ কেমন?
- ২১) 'ডাঁটে' অর্থ কী?
- ২২) 'বেগু ও বীণা' কোন ধরনের রচনা?
- ২৩) 'রবি-শশী' অর্থ কী?
- ২৪) বাংলা সাহিত্যে কোন কবিকে ছন্দের জাদুকর বলা হয়?
- ২৫) মানুষের কৃত্রিম পরিচয় কী কী?
- ২৬) মানুষ আজ কৃত্রিম পরিচয়ে নিজেদের কী করেছেন?
- ২৭) কবি সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে মৃত্যু বরণ করেন?
- ২৮) 'মানুষ জাতি' কবিতার মূল কথা কী?

## সৃজনশীল প্রশ্ন

অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১. রহিম, শ্যামল ও রোজারিও তিন বন্ধু। ঈদ, পূজা ও বড়দিনে তারা একে অন্যের বাড়ি বেড়াতে যায়। আনন্দে-উৎসবে, সুখে-দুঃখে একে অন্যকে সাহায্য-সহযোগিতা করে। এরূপ আচরণে তাদের বাবা-মা খুব খুশি। রহিমের বাবা বলেন, 'তোমরা অতি অসাধারণ। তোমাদের মতো সবাই বন্ধু-সুলভ হলে এ পৃথিবী আরো সুন্দর বাসস্থান হবে।'

ক. 'মানুষ জাতি' কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

খ. 'দুনিয়া সবারি জনম বেদি'—একথা দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. রহিম, শ্যামল ও রোজারিওর বন্ধুত্বে 'মানুষ জাতি' কবিতার কোন বক্তব্যটি ফুটে উঠেছে—ব্যাখ্যা কর।

ঘ. উদ্দিপকের রহিমের বাবার মন্তব্যই যেন 'মানুষ জাতি' কবিতার মূল সুর—উক্তিটি বিশ্লেষণ কর।

২. কেউ মালা কেউ তসবি গলায়

তাইতে কী জাত ভিন্ন বলায়,

যাওয়া কিংবা আসার বেলায়

জাতের চিহ্ন রয় কার রে!

গর্তে গেলে কৃপাজল কয়

গঙ্গায় গেলে গঙ্গাজল হয়

মূলে এক জল সে যে ভিন্ন নয়

১. সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে জন্মগ্রহণ করেন?

২. 'সমান যুঝি' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।

৩. উদ্দিপক ও 'মানুষ জাতি' কবিতায় মানুষের যে মিল পাওয়া যায় তা ব্যাখ্যা কর।

৪. উদ্দিপক ও 'মানুষ জাতি' কবিতায় ধর্মচর্চার প্রতি যে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে- তা মূল্যায়ন করো।

# সুখ

## কামিনী রায়

- ❖ শব্দার্থ
- ❖ কবি পরিচিতি
- ❖ পাঠ পরিচিতি

### সৃজনশীল প্রশ্নঃ

১। বাবুল সাহেব গ্রামের প্রবীণ এবং সম্মানিত ব্যক্তি। তিনি গ্রামের কারো বিপদে কথা শুনলে তার কাছে ছুটে যান। সাধ্যমতো সাহায্যের চেষ্টা করেন। নিজের স্বার্থের কথা না ভেবে অন্যের কল্যাণ ও মঙ্গলের কথা ভাবেন। তিনি প্রায়ই বলে থাকেন, যারা আত্মকেন্দ্রিক, স্বার্থপর, স্বার্থলোভী তারা প্রকৃত সুখী নয়; ত্যাগেই প্রকৃত সুখ। তিনি অন্যের দুঃখ-যন্ত্রণা লাঘবের মধ্যেই আত্মসুখ খুঁজে পান।

ক) কবি কামিনী রায় কী ছদ্মনামে লিখতেন?

খ) প্রকৃত সুখী কারা? বুঝিয়ে লেখ।

গ) ‘ত্যাগেই প্রকৃত সুখ’- উক্তিটিতে ‘সুখ’ কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের মূল বক্তব্য ‘সুখ’ কবিতাকে প্রতিফলিত করে কি? তোমার মতামত দাও।

২। ‘পুষ্প আপনার জন্য ফোটে না;

পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিও।’

ক) ‘অবনী’ শব্দের অর্থ কী?

খ) কবি কেন সুখ সুখ করে কাঁদতে নিষেধ করেছেন?

গ) উদ্দীপকের মূলভাবে ‘সুখ’ কবিতার কোন দিকটি উপস্থাপিত হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে ‘সুখ’ কবিতাটি মূল্যায়ন কর।

### জ্ঞানমূলক প্রশ্নঃ

- ১) সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে জন্মগ্রহণ করেন?
- ২) সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে মৃত্যু বরণ করেন?
- ৩) সত্যেন্দ্রনাথ দত্ত কত বছর বয়সে মারা যান?
- ৪) ‘বেণু ও বীণা’ কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
- ৫) ‘কুহু ও কেকা’ কাব্যগ্রন্থটি কার লেখা?
- ৬) ধুলায় কী লোটে?
- ৭) ‘মানুষ জাতি’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?

- ৮) কোন জগৎ ব্রহ্মময়?
- ৯) 'বুনিয়াদ' শব্দের অর্থ কী?
- ১০) বাংলা কবিতায় কোন কবিকে ছন্দের জাদুকর বলা হয়?

## ঝিঙে ফুল

### জ্ঞানমূলক প্রশ্ন:

১. মশগুল শব্দের অর্থ কী?
২. কে অলকায় যেতে চায় না?
৩. 'হিয়া' অর্থ কী?
৪. ঝিঙে ফুল কোন দেশের ফিরোজিয়া ফিঙে কুল?
৫. জাফরানি কী?
৬. গুলো কর্ণে কী ফোটে?
৭. ঝিঙে ফুল কখন ফোটে?
৮. পাতার দেশের পাখি কিসে বাঁধা?
৯. অলকা বলতে কী বুঝায়?
১০. ঝিঙে ফুল কে ডেকে যায়?
১১. শ্যামলী মায়ের কোলে কে ঘুমায়?
১২. কবি কাজী নজরুল ইসলামকে বিদ্রোহী কবি বলা হয় কেন?
১৩. আমাদের রণ সংগীত কোনটি?
১৪. কবি কাজী নজরুল ইসলামের কয়েকটি উল্লেখযোগ্য রচনার নাম লিখ।

### অনুধাবন প্রশ্ন:

১. প্রজাপতি ঝিঙে ফুলকে ডেকে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।
২. ঝিঙে ফুল মাটি মায়ের কাছেই থাকতে চায় কেন?
৩. চাহি না ও অলকায়- ব্যাখ্যা কর।
৪. ঝিঙে ফুলের কাছে প্রজাপতি ও আসমানের তারার আহ্বান কীরূপ?
৫. শ্যামলী মায়ের কোলে সোনামুখ খুকুরে- চরণটি ব্যাখ্যা কর।

### সৃজনশীল প্রশ্ন:

১) তমাল গ্রাম থেকে এইচ এস সি পাশ করেছে। শহরে এসে সে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চায় কিন্তু গ্রামের চমৎকার নিরিবিলি পরিবেশ ছেড়ে শহরের কোলাহলপূর্ণ পরিবেশে সে মন টিকাতে পারে না। অবশেষে সে গ্রামে ফিরে যায় সেখানের কলেজেই ভর্তি হয়। আর সবাইকে জানায় শহর অনেক রঙিন আর আধুনিক হলেও সে যেতে চায় না শহরে।

ক) অলকা কী?

খ) 'ভালো এই পথ ভুল!' বলতে কী বোঝানো হয়েছে?

গ) তমাল এর শহরে পড়ায় ইচ্ছার সাথে ঝিঙে ফুল কবিতার কী মিল আছে? ব্যাখ্যা কর।

ঘ) তমালের গাঁমে ফিরে আসা ও গাঁমে থাকার ইচ্ছা ও ঝিঙে ফুলের ইচ্ছা একই সূত্রে গাঁথা- এই উক্তির যথার্থতা নিরূপন কর।

❖ শব্দার্থ

❖ কবি পরিচিতি

❖ পাঠ পরিচিতি